

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন-১ অধিশাখা
www.lgd.gov.bd

স্মারক নং-৪৬.০২০.০০৪.০১.০০.১০৭.২০১৭-৯৯৬


তারিখ : ২৫/৪/১৭

বিষয়ঃ রীট পিটিশন নং-৩৭৫১/২০১৭ বাদী জনাব আব্দুল জলিল খাঁন ও অন্যান্য উত্তর কিশটকাঠি, পোনাবালিয়া, ঝালকাঠি সদর, জেলা-ঝালকাঠি -বনাম-সরকার ও অন্যান্য।

ঝালকাঠি সদর উপজেলার পোনাবালিয়া ইউনিয়ন পরিষদের সাধারণ নির্বাচনের ভোটার তালিকা ও নির্বাচনের সময়সূচিকে চ্যালেঞ্জ করে বাদী কর্তৃক রীট পিটিশন নং-৩৭৫১/২০১৭ দায়ের করা হয়েছে। মহামান্য আদালত ১০(দশ) দিনের জন্য ভোটার তালিকা ও নির্বাচনের সময়সূচি স্থগিত করত; রুল ইস্যুপূর্বক জবাব দাখিলের জন্য বিবাদীগণকে নির্দেশ দিয়েছেন। মহামান্য আদালতে মামলা প্রতিদ্বন্দ্বিতার লক্ষ্যে সরকারের পক্ষে ইংরেজিতে দফাওয়ারী জবাব দাখিল করা আবশ্যিক।

২। এমতাবস্থায়, সরকারী স্বার্থ বিবেচনায় রেখে ইংরেজীতে অনুচ্ছেদওয়ারী ঘটনার বিবরণী (Parawise statement of facts) প্রতি পাতায় স্বাক্ষরযুক্ত ও সংশ্লিষ্ট কাগজাদি সত্যায়িত সহকারে ২(দুই) সেট জরুরী ভিত্তিতে নিম্নস্বাক্ষরকারী বরাবরে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, নির্ধারিত সময়ের মধ্যে জবাব প্রেরণ করা না হলে মহামান্য আদালত কর্তৃক আরোপিত দায়-দায়িত্ব তাঁর দপ্তরের সংশ্লিষ্টদের উপর বর্তাবে।

সংযুক্ত : রুলের কপি।


(মোহাম্মদ শফিউল আরিফ)
উপসচিব (আইন-১)
ফোন-৯৫৪০৯৯৫।

জেলা প্রশাসক
ঝালকাঠি।

সদয় অবগতির জন্য অনুলিপি :

- ১। উপসচিব (ইপ-১ শাখা) স্থানীয় সরকার বিভাগ। (দফাওয়ারী জবাব সংগ্রহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ২। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। অফিস কপি।